ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
প্লট নং-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা
www.dncc.gov.bd

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

**২৫ মার্চ গণহত্যা দিবস ও ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস ২০২২ উদযাপন উপলক্ষ্যে কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ সেলিম রেজা, প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |
| তারিখ | : | ১ চৈত্র ১৪২৮ / ১৫ মার্চ ২০২২ |
| সময় | : | বিকাল ০৩.০০ টা |
| স্থান | : | সভা কক্ষ, নগর ভবন, সেন্টার পয়েন্ট (লেভেল-৮), প্লট-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা। |
| সভায় উপস্থিতির তালিকা | : | পরিশিষ্ট "ক" |

সভার প্রারম্ভে সভাপতি গভীর শ্রদ্ধার সাথে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন। তিনি সভার শুরুতেই মহান মুক্তিযুদ্ধে আত্মদানকারী শহিদ বীর মুক্তিযোদ্ধা, যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধাসহ সকল বীর মুক্তিযোদ্ধা এবং তাঁদের পরিবারবর্গের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। আসন্ন ২৫ মার্চ গণহত্যা দিবস ও ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস ২০২২ যথাযোগ্য মর্যাদায় ও ভাবগাম্ভীর্যের সাথে পালনের লক্ষ্যে জাতীয় কর্মসূচির আলোকে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের জন্য সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্রম | তারিখ ও সময় | কর্মসূচি/সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১. | ২৫-০৩-২০২২ (দুপুর ১২.০০ টা থেকে) | ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মিনিপোলগুলোতে গণহত্যার উপর দুর্লভ আলোকচিত্র/প্রামাণ্যচিত্র প্রদর্শনী। | ১. প্রধান রাজস্ব কর্মকর্তা<br>২. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল) |
| ২. | ২৫-০৩-২০২২ (রাত ৯.০০ -৯.০১ মিনিট পর্যন্ত) | গণহত্যা দিবস উপলক্ষ্যে সারাদেশে প্রতীকি ব্ল্যাক-আউট ০১ (এক) মিনিটের জন্য (কেপিআই/জরুরি স্থাপনা ব্যতিত) | ১. প্রধান প্রকৌশলী<br>২. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল) |
| ৩. | ২৬-০৩-২০২২ | ক) ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ভবন সমূহে জাতীয় পতাকা উত্তোলন (ঐদিন সূর্যোদয়ের সাথে সাথে)<br>খ) ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের নগরভবন ও দৃশ্যমান উঁচু ভবনসমূহে বৃহদাকারের জাতীয় পতাকা উত্তোলন। (ঐদিন সূর্যোদয়ের সাথে সাথে) | ১. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল)<br>২. প্রধান ভান্ডর ও ক্রয় কর্মকর্তা<br>৩. নিরাপত্তা কর্মকর্তা |
| ৪. | (কোনক্রমেই ২৫-০৩-২০২২ তারিখ আলোকসজ্জা করা যাবে না। ২৬-০৩-২০২২ সন্ধ্যা থেকে আলোকসজ্জা করা যাবে) | ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ভবন/স্থাপনাসমূহে আলোকসজ্জা করতে হবে। | ১. প্রধান প্রকৌশলী<br>২. প্রধান রাজস্ব কর্মকর্তা<br>৩. মহাব্যবস্থাপক (পরিবহন)<br>৪. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল) |
| ৫. | ২৬-০৩-২০২২ | জাতিয় শান্তি, সমৃদ্ধি ও অগ্রগতি কামনা করে সকল মসজিদে মোনাজাত এবং মন্দির, গীর্জা, প্যাগোডা ও অন্যান্য উপাসনালয়ে সুবিধাজনক সময়ে প্রার্থনার আয়োজন করা হবে। সম্মানিত কাউন্সিলরগণকে এ বিষয়ে সম্পৃক্ত করতে হবে। | ১. সম্মানিত কাউন্সিলর (সকল)<br>২. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল)<br>৩. প্রধান সমাজ কল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা |
| ৬. | ২৬-০৩-২০২২ | ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন এলাকায় প্রধান প্রধান সড়ক ও সড়কদ্বীপসমূহ এবং সেতু জাতীয় পতাকাসহ বিভিন্ন পতাকা দ্বারা সজ্জিতকরণ। | ১. প্রধান প্রকৌশলী<br>২. প্রধান রাজস্ব কর্মকর্তা |

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
প্লট নং-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা
www.dncc.gov.bd

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

| | | | |
|---|---|---|---|
| ৭. | ২৬-০৩-২০২২ | ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন শিশু পার্ক সমূহ শিশুদের জন্য ২৬ মার্চ ২০২২ সকাল-সন্ধ্যা উন্মুক্ত রেখে বিনা টিকেটে প্রদর্শনের ব্যবস্থা করা হবে। | ১. প্রধান সম্পত্তি কর্মকর্তা |
| ৮. | ২৬-০৩-২০২২ | ১. জাতীয় স্মৃতিসৌধে মাননীয় মেয়র কর্তৃক পুষ্পস্তবক অর্পন।<br>২. মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করে মাননীয় মেয়র কর্তৃক পুষ্পস্তবক অর্পনের জন্য নির্ধারিত সময় জেনে নিতে হবে।<br>৩. সমাজকল্যাণ বিভাগ এ উদ্দেশ্যে একটি পুষ্পস্তবক তৈরি করে মেয়র মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা/কর্মচারিদের নিকট নির্ধারিত সময়ের পূর্বে হস্তান্তর করবে।<br>৪. জাতীয় স্মৃতিসৌধে প্রবেশের জন্য নিরাপত্তা কর্মকর্তা সামাজ কল্যাণ বিভাগের সাথে সমন্বয় করে মাননীয় মেয়র, প্রাধান নির্বাহী কর্মকর্তাসহ অন্যান্য কর্মকর্তা এবং পুষ্পস্তবক বহনকারীদের এসবি পাশ সংগ্রহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | ১. মেয়র মহোদয়ের একান্ত সচিব<br>২. প্রধান সমাজ কল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা<br>৩. নিরাপত্তা কর্মকর্তা |
| ৯. | ২৬-০৩-২০২২ | ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ৩টি অঞ্চলে 'বঙ্গবন্ধুকে জানি' শিরোনামে প্রদর্শনী এবং অঞ্চল-৩ এর আওতাধীন টিএন্ডটি মাঠে উক্ত প্রদর্শনীসহ শিশু কিশোরদের অংশগ্রহণে দিন ব্যাপি আনন্দঘন অনুষ্ঠানমালা এবং বঙ্গবন্ধুর শৈশবসহ পরবর্তী জীবনাদর্শ নিয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হবে। | গঠিত কমিটি |

ক্রমিক নং ৯ এর সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য নিম্নবর্ণিত কমিটি গঠন করা হলো:

১. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, সংশ্লিষ্ট অঞ্চল, ডিএনসিসি -আহবায়ক।
২. নির্বাহী প্রকৌশলী, সংশ্লিষ্ট অঞ্চল, ডিএনসিসি -সদস্য।
৩. কর কর্মকর্তা, সংশ্লিষ্ট অঞ্চল, ডিএনসিসি -সদস্য।
৪. সহকারী স্বাস্থ্য কর্মকর্তা, সংশ্লিষ্ট অঞ্চল, ডিএনসিসি -সদস্য।
৫. সহকারী প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, সংশ্লিষ্ট অঞ্চল, ডিএনসিসি -সদস্য।
৬. সহকারী সমাজ কল্যান কর্মকর্তা, সংশ্লিষ্ট অঞ্চল, ডিএনসিসি -সদস্য-সচিব

সভাপতি ২৫ মার্চ গণহত্যা দিবস ও ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস ২০২২ যথাযোগ্য মর্যাদায় উদযাপনে সকলের সহযোগিতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

20/3/22

(মোঃ সেলিম রেজা)
প্রধান নির্বাহী কর্মকর্তা
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
ফোন: ৪৮৮১১৩৩৩
ceo@dncc.gov.bd

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
প্লট নং-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা
www.dncc.gov.bd

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

নং: ৪৬.১০.০০০০.০০৬.২৩.১৭৩.১২-১৯০

তারিখ: ২০/০৬/২০২২ খ্রি।

অনুলিপি:(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. সম্মানিত কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড নং ............. ও সংরক্ষিত আসন নং ................. ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
২. বিভাগীয় প্রধান (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৩. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৪. মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৫. সিস্টেম এনালিস্ট, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। এ কার্যবিবরণী ডিএনসিসি'র ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
৬. কমিটির সদস্য ............................................................................ , ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৭. সভাপতি/সাধারণ সম্পাদক ..............................................................., ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৮. অফিস কপি।